

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
food.sadar.sunamganj.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নং: ১৩.০১.৯০৮৯.০০৫.৪৫.০০১.২১. ৬৭১

তারিখ: ১১/১১/২০২২ খ্রিঃ

বিষয়: আমন ধান সংগ্রহ/২০২২ এর আওতায় “কৃষকের অ্যাপস” এর মাধ্যমে কৃষক নিবন্ধন/ধান বিক্রয়ের আবেদন বিষয়ে
কৃষকগণকে অবহিত করণসহ “কৃষকের অ্যাপস” সম্পর্কে প্রচার-প্রচারণা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সরকারীভাবে চলতি আমন ধান সংগ্রহ/২০২২-২৩ এর আওতায় সুনামগঞ্জ সদর উপজেলার আমন ধান আবাদকারী কৃষকদের নিকট হতে “কৃষকের অ্যাপস” এর মাধ্যমে আমন ধান সংগ্রহ করা হবে। সেপ্রেক্ষিতে অদ্য ১৭/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে “কৃষকের অ্যাপস” এর মাধ্যমে ধান বিক্রয়ের জন্য কৃষকগণ এন্ড্রয়েড মোবাইল ফোনে “Google Play Store” এ গিয়ে “কৃষকের অ্যাপস” টি ডাউনলোড করে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন করতে পারবে। ইতি পূর্বে যারা ধান বিক্রয়ের জন্য নিবন্ধন করেছেন তাদেরকে এবার ইউজার আইডি এবং পাস ওয়ার্ড (যা হা গতবার ব্যবহার করা হয়েছে) ব্যবহার করে শুধুমাত্র ধান বিক্রয়ের আবেদন করতে হবে। আর যে সকল কৃষক একেবারেই নতুন অর্থাৎ যারা ইতিপূর্বে ধান বিক্রয়ের জন্য কৃষক নিবন্ধন করেননি তারা তাদের জাতীয় পরিচয়পত্র নং ও মোবাইল নাম্বার ব্যবহার করে (২টি ধাপে) কৃষক নিবন্ধন সম্পন্ন করলেই তাদের কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন হয়ে যাবে। এক্ষেত্রে নতুন নিবন্ধনকৃত কৃষকদের আলাদাভাবে ধান বিক্রয়ের আবেদন করার প্রয়োজন হবে না। তবে অবশ্যই মনে রাখতে হবে কোন মোবাইল নাম্বার একের অধিকবার ব্যবহার করা যাবে না। এতে আবেদন বাতিল হয়ে যাবে।

এমতাবস্থায়, উক্ত বিষয়গুলি আপনার উপজেলার/ইউনিয়নের সকল আমন ধান আবাদকারী কৃষকগণকে অবহিতপূর্বক “কৃষকের অ্যাপস” এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন গ্রহণে সার্ভিক সহযোগিতাসহ সরকারি সংগ্রহ কার্যক্রমকে সাফল্যমন্ডিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



বেনু গোপাল দাস
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ফোনঃ ০২৯৯৬৬০০৭৮৩

ই-মেইল ucfsngs.food@gmail.com


- ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর।
- ২। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), সুনামগঞ্জ সদর।
- ৩। সচিব..... ইউনিয়ন পরিষদ (সকল), সুনামগঞ্জ সদর।
- ৪। উদ্যোক্তা..... ইউনিয়ন পরিষদ (সকল), সুনামগঞ্জ সদর।

স্মারক নং: ১৩.০১.৯০৮৯.০০৫.৪৫.০০১.২১.

তারিখ ১১/১১/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ ও সম্মানিত উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ ও সভাপিত, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ৭। জনাব মনিন্দ্র কুমার দাস, কৃষক প্রতিনিধি, সুনামগঞ্জ সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা মল্লিকপুর এলএসডি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৯। খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর। কৃষকদের নিকট “কৃষকের অ্যাপস” এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন গ্রহণ সম্পর্কে ব্যাপক প্রচার-প্রচারণার পরিচালনার জন্য বলা হলো।
- ১০। অফিস কপি।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ